



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ঋণ আদায় বিভাগ।

ফোন : +৮৮০২২২৩৩৮৩১৬৫:

ই-মেইল :

dgmrecovery@krishibank.org.bd

নং-প্রকা/আদায়-৯(১১২)/০৫/২০২৩-২০২৪/১১১

তারিখঃ ২৪-০৭-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয়ঃ শ্রেণিকৃত ঋণ হ্রাসকল্পে একটি বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়

শিরোনামের বিষয়ের প্রতি সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২২-২৩ অর্থবছরের ১৮ টি ব্যবসায়িক খাতের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন বিবরণী গত ১২/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮২৩তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক শ্রেণিকৃত ঋণ হ্রাসকল্পে একটি বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শ্রেণিকৃত ঋণ হ্রাসকল্পে ঋণ আদায় বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত বর্ণিত কর্মপরিকল্পনা গত ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮৩৭তম সভায় অনুমোদিত হয়ঃ

ক্রম	নির্ধারিত কর্মপরিকল্পনা	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	পরিধারণ কার্যালয়	কার্যকরণের সময়সীমা
ক)	নতুন করে কোনো ঋণ হিসাব শ্রেণিবিন্যাসিত হতে দেয়া যাবে না। শ্রেণিযোগ্য ঋণসমূহ সুদসহ সম্পূর্ণ আদায় নিশ্চিত করতে হবে যাতে করে সংশ্লিষ্ট অর্থবছরে নতুন করে কোনো ঋণ হিসাব শ্রেণিবিন্যাসিত না হয়।	উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/শাখা ব্যবস্থাপক	বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়	--
খ)	মাসিক ভিত্তিতে শ্রেণিকৃত ঋণ আদায়ের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।	বিভাগীয় কার্যালয়	ঋণ আদায় বিভাগ	মাসিক
গ)	স্থগিত সুদযুক্ত প্রতিটি ঋণ হিসাবে মাসিক ভিত্তিতে আদায়ের ন্যূনতম লক্ষ্যমাত্রা নির্ধারণ করে তা আদায় নিশ্চিত করতে হবে।	উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/শাখা ব্যবস্থাপক	বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়	মাসিক
ঘ)	বিভাগীয়/আঞ্চলিক পর্যায়ে শীর্ষ-১০০ খেলাপি ঋণগ্রহীতাগনের সাথে মাসিক ভিত্তিতে দ্বি-পাক্ষিক সভা আয়োজন নিশ্চিত করতে হবে।	বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়	ঋণ আদায় বিভাগ	মাসিক
ঙ)	পুনঃতফসিলকৃত/সুদ মওকুফ সুবিধা প্রাপ্ত ঋণ হিসাবসমূহের নিয়মিত কিস্তি আদায় নিশ্চিত করতে হবে।	উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/শাখা ব্যবস্থাপক	বিভাগীয়/মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়	ত্রৈমাসিক
চ)	বিভাগীয় শীর্ষ-৫ খেলাপি ঋণযুক্ত শাখাসমূহ শ্রেণিকৃত ঋণ আদায় কার্যক্রম সরাসরি মহাব্যবস্থাপক কর্তৃক মনিটরিং নিশ্চিতকরণ।	বিভাগীয় কার্যালয়	----	মাসিক
ছ)	দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ।	শাখা ব্যবস্থাপক/ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়	আইন বিভাগ	ত্রৈমাসিক
জ)	ধর্মীয় দৃষ্টিকোণ থেকে ঋণ পরিশোধের গুরুত্ব সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ।	শাখা ব্যবস্থাপক	----	---

৫

চলমান পাতা-০২